



স্বামী সারদানন্দের তিনটি অপ্রকাশিত পত্র



শ্রীশ্রীমাকে লিখিত*

শ্রীশ্রীদুর্গা শরণং

মঠ। বেলুড়া। হাওড়া।

৬ই কার্তিক। ১৩১৩

পরমারাধ্যা

শ্রীশ্রীমাতাঠাকুরানী শ্রীচরণকমলেষু—

মা।

আপনার ২৭শে আশ্বিনের আশীর্বাদি পত্র পাইয়া সুখী হইলাম। আপনি আমার অসংখ্য অসংখ্য সার্ঘ্য প্রণিপাত জানিবেন। যোগিনীমা নদিদি প্রভৃতি সকলের এবং গ... প্রভৃতি সকল মঠের ছেলেদের এবং গিরিশবাবু প্রভৃতি সকল ভক্তদেরও সার্ঘ্য প্রণাম জানিবেন।

রাখাল মহারাজ এখন পুরীতে আছেন। মঠে বাবুরাম, তারক, গোপাল, তুলসী, দীননাথ প্রভৃতি আছে। তারক ও গোপাল শীঘ্র কাশী যাইবে। মঠে ৭দুর্গাপূজার পরে ২।৪ জনের ম্যালেরিয়ায়... এখন ভাল আছে। তাহাদের সকলের প্রণাম...।

আশু এখন নোয়াখালিতে। সেখানে দুর্ভিক্ষে লোকের বড় কষ্ট হয়েছে। সেজন্য সেখানে চাল বিতরণ করবে। তাহার ফিরিতে বোধ হয় এখন দেড় মাস দেরী আছে।

শশী মাদ্রাজে ফিরিয়া গিয়াছে। কালী মঠে প্রায় এক মাস থেকে, কাশী ও প্রয়াগ হয়ে এখন আলোয়ার গিয়েছে। সেখানে কিছুদিন থেকে বোম্বাই যাবে এবং সেখান থেকে জাহাজে চড়ে ফের আমেরিকা যাবে। অমূল্য ও বসন্ত তার সঙ্গে বোম্বাই পর্যন্ত গিয়েছে।

মঠে এবার লোকজন কম থাকতে ৭জগদ্ধাত্রী পূজার জিনিসপত্র কিনে প্রসন্নমামার সঙ্গেই পাঠিয়ে দিতেছি। সকল জিনিসই বেশী বেশী পাঠাইতেছি। কারণ ভক্তেরা ৭জগদ্ধাত্রী পূজার জন্য এবং আপনার সেবার জন্য টাকা দিয়াছে। আপনি ঐ সকল জিনিস নিজে কিছু কিছু না খাইলে তাহাদের মনে বিশেষ কষ্ট হবে। ক... জিনিস পাঠাচ্ছি তাহাও এখানে ...

...	তিলকুটো		কিস্মিস্	১।
...	পাঁপর		বাদাম	১।
...	আঞ্জুর	১	খিজুর	১
...	বেদানা	১।	ডাব	৪
...	ডালিম	১	ঝুনো নারিকেল	৪
...	পেস্তা	১		
ফুলকপি	কড়াইশুঁটি		...	
রাঁধবার মশলা	পানের মশলা		...	
সুজি	ময়দা	১।	ডিঃ	...

তত্ত্ব যোগিনী মা ৭জগদ্ধাত্রী পূজা ... শাড়ি ও সিঁদুর চুপড়ি এবং অতুলবাবু ... জন্য ১ খানি কাপড় পাঠাচ্ছেন। আর সকল ভক্তেরা আপনার কাপড়ের জন্য যে টাকা দিয়েছে তাহা পরে আপনাকে মনি অর্ডারে পাঠিয়ে দিতেছি।

রাধু ভাল আছে বোধ হয়। তাহাকে আমার আশীর্বাদ।

আমার মা আপনাকে সার্ঘ্য প্রণাম জানিয়েছেন। বোধ হয় তিনি শীঘ্র কিছুদিনের জন্য ৭কাশী যাবেন। গনুর মার মায়ের শরীর বড় খারাপ—পেটের অসুখ, জ্বর ...। তিনিও অগ্রহায়ণ মাসে কাশী... কছেন। সঙ্গে গনুর মা ও গোলাপ ঠাকুরানী যাবার কথা হচ্ছে। তাহাদের সার্ঘ্য প্রণাম জানিবেন। বাবুরামের মা পুরীতে—রামের ও নিতায়ের মা কোঠারেই আছেন।

* পত্রের জীর্ণতা ও অস্পষ্টতার কারণে কিছু অংশের পাঠোদ্ধার করা সম্ভব হয়নি। সেই অংশগুলি '...' ভাবে চিহ্নিত করা হয়েছে।—সম্পাদক

মাস্টার মহাশয় ও বাটীর ... আপনার অপরাপর ... আছেন। আমেরিকায় সারদা ... ও হরিপদ ভাল আছে। ... দাসানুদাসের অসংখ্য সার্ফাঙ্গ প্রণাম জানিবেন। ইতি—

চিরদাস

প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায়কে* লিখিত

॥ ১ ॥

Udbodhan Office
Mookherjee Lane
5th October '17

শ্রীমান প্রবোধ,

তোমার ২৫শে সেপ্টেম্বরের পত্র এবং ব্রাহ্মণসভায় পঠিত বক্তৃতা যথাকালে পাইয়া সুখী হইয়াছি। বক্তৃতাটি বেশ হইয়াছে। কয়েকদিন হইল রামলালদাদা কামারপুকুর হইতে এখানে আসিয়াছেন, তাঁহার নিকট হইতে শুনলাম লাহাবাবুরা শ্রীশ্রীঠাকুরের মন্দিরের জন্য জমিটি শীঘ্র যাহাতে আমরা ক্রয় করি তাহার জন্য বলিতেছেন। রামলালদাদাও বলেন যে লেখাপড়া শীঘ্র করিয়া না লইলে শরিকদিগের মধ্যে মতান্তর উপস্থিত হতে পারে। অতএব যত শীঘ্র পার উহার ব্যবস্থা করাইয়া লইও। স্বামী ব্রহ্মানন্দের নামে লেখাপড়া করাইবে, কোয়ালপাড়ার কেদার ও কিশোরকে মহারাজ (ব্রহ্মানন্দ স্বামী) general power of attorney পাঠাইয়া দিয়াছেন। অতএব Registry ইত্যাদি কর্ম কেদার বা কিশোরকে দিয়া করাইলে উহাতে তোমাকে আর ভিন্ন power of attorney দিবার আবশ্যিক নাই। তুমি সমস্ত বিষয় ঠিক করিয়া Registry করিবার সময় কেদার বা কিশোরকে ডাকিয়া পাঠাইবে। আমি শীঘ্রই তাহাদের পত্র লিখিব যে তুমি ঐ কার্যের জন্য তাহাদের ডাকিলে যেন কার্য সমাধা করিয়া দেয়।

আশা করি তোমার পরিবারবর্গের সব কুশল। আমার আশীর্বাদ জানিবে। ইতি—

শুভানুধ্যায়ী

॥ ২ ॥

শ্রীশ্রীরামকৃষ্ণ শরণং

২১।১০।১৭

পুরী

শশীনিকেতন

শ্রীমান্ প্রবোধ,

তোমার ১৬।১০ তাঃ পত্র যথাকালে পাইয়া সুখী হইয়াছি। পূজনীয় হরি মহারাজের (স্বামী তুরীয়ানন্দ) কঠিন অসুখ হওয়ায় সহসা পুরী আসিতে হইয়াছে। সেজন্য উত্তরদানে বিলম্ব হইল। শ্রীশ্রীঠাকুরের কৃপায় তিনি এখন অপেক্ষাকৃত ভাল আছেন। বোধ হয় এ যাত্রা সারিয়া যাইবেন।

কামারপুকুরের জমি রেজিস্টারি সম্বন্ধে তুমি ও কেদার যেরূপ স্থির করিয়াছ তাহাই ভাল। বাকি খাজনার নালিশ ও সোলেনামার আবশ্যিক নাই। বাবুদিগকে গোঘাটে লইয়া যাইতে যাহা খরচ হইবে তাহা পাঠাইব। কেদার (কেশবানন্দ) অত দীর্ঘকাল জ্বরে ভুগিতেছে জানিয়া দুঃখিত হইলাম। শ্রীমহারাজের ও আমাদিগের ভালবাসা ও আশীর্বাদ জানিবে। স্কুলের পরীক্ষার ফল জানিয়া সুখী হইলাম। ইতি—

শুভানুধ্যায়ী

* প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় বদনগঞ্জ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসাবে সাফল্যের সঙ্গে কাজ করেন। তিনি শ্রীমায়ের কাছে মন্ত্রদীক্ষা ও কৃপালাভ করেছিলেন। স্বামী গৌরিশ্বরানন্দ মহারাজের (রামময় মহারাজ) বিদ্যালয়ের শিক্ষক হিসাবে তাঁর পরিচিতি সর্বজনবিদিত।—সম্পাদক বর্তমান সংখ্যায় প্রকাশিত পত্রগুলি বেলুড় রামকৃষ্ণ মঠ ও মিশনের 'রামকৃষ্ণ সংগ্রহশালা'র সৌজন্যে প্রাপ্ত।—সম্পাদক